

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ২৯, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ কার্তিক ১৪১৩/২৯ অক্টোবর ২০০৬

এস, আর, ও নং ২৮৫-আইন/২০০৬—Special Security force Ordinance, 1986 (Ord. No. XLIII of 1986), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 2(d) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত Ordinance-এর উদ্দেশ্য পূরণকল্পে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টাকে স্ব স্ব পদে কর্মাবসানের তারিখ হইতে এবং জাতীয় সংসদের বিরোধী দলীয় নেতাকে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার কার্যভার গ্রহণের তারিখ হইতে বাংলাদেশের অভ্যন্তরে সর্বোচ্চ তিন (৩) মাসের জন্য অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি (Very Important Person) হিসাবে ঘোষণা করিল।

২। এই প্রজ্ঞাপন কার্যকর হইবার সাথে সাথে এতদবিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৫শে আশ্বিন ১৪০৯ বাং মোতাবেক ১০ই অক্টোবর ২০০২ ইং তারিখের এস. আর. ও ২৮১-আইন/২০০২ নং প্রজ্ঞাপনটি বাতিল হইবে।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোস্তাফিজুর রহমান
পরিচালক।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৯৮৭৭)

মূল্য : টাকা ২.০০